গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ।
www.lawjusticediv.gov.bd

**আইন ও বিচার বিভাগর ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের দ্বি-মাসিক সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| **সভার তারিখ** | ঃ | **১৭ আগষ্ট ২০২১ খ্রিঃ** |
| **সময়** | ঃ | **৩.০০ ঘটিকা** |
| **স্থান** | ঃ | **সম্মেলন কক্ষ (৭২৭ নং কক্ষ), আইন ও বিচার বিভাগ** |
| **সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা** | ঃ | **এপিএ-কমিটির সদস্যবৃন্দ (পরিশিষ্ট-ক) সংযুক্ত।** |

সভার শুরুতে টিম লিডার, এপিএ কমিটি উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি উল্লেখ করেন, ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন কর্মপরিকল্পনায় শুধুমাত্র কৌশলগত উদ্দেশ্যসমূহ অন্তর্ভুক্ত রয়েছে। ইতোপূর্বে এ বিভাগের সকল কর্মকর্তাসহ অধিনস্থ দপ্তর সংস্থার এপিএ টিমের সদস্যগণের সমন্বয়ে একটি কর্মশালার আয়োজন করা হয়েছিল। উক্ত কর্মশালায় বর্তমান অর্থবছরে আবশ্যিক কর্মসূচকের পরিবর্তে শুদ্ধাচার, তথ্য অধিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং উদ্ভাবন ও ই-গভর্ন্যান্স সংক্রান্ত ৫টি কর্মপরিকল্পনা সম্পর্কে বিস্তারিত অবহিত করা হয়েছে। উক্ত ৫টি কর্মপরিকল্পনার অর্জিতমান এপিএ-র কৌশলগত কর্মপরিকল্পনার অর্জিত মানের সাথে যুক্ত হবে। সেজন্যে প্রত্যেকটি কর্মপরিকল্পনার সামগ্রিক মানোন্নয়ন এবং লক্ষ্যমাত্রা অর্জনের উপর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব। তিনি এ পর্যায়ে এপিএ ফোকাল পয়েন্টকে প্রস্তাবিত কর্মপরিকল্পনার বিষয়সমূহ, ধার্যকৃত লক্ষ্যমাত্রা এবং প্রয়োজনীয় প্রমাণক এর বিষয়ে সভাকে অবহিত করার জন্য অনুরোধ জানান।

জনাব এ,কে,এম এমদাদুল হক, এপিএ ফোকাল পয়েন্ট, আইন ও বিচার বিভাগ এ পর্যায়ে এ বিভাগের কর্মসম্পাদন সূচক, লক্ষ্যমাত্রা এবং প্রয়োজনীয় প্রমাণকসমূহের বিষয়ে নিম্নরূপে উল্লেখ করেন ঃ

| ক্রমিক নং | কর্মসম্পাদন সূচক | একক | লক্ষ্যমাত্রা | প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১.১.১ | প্রশিক্ষণ প্রাপ্ত বিচারক | % | ২৭% | প্রশিক্ষণের জিও | মোট বিচারকের ২৭% বিচারককে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে। |
| ১.১.২ | প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সংখ্যা | ৪৫ | প্রশিক্ষণের জিও | |
| ১.২.১ | প্রশিক্ষণপ্রাপ্ত পাবলিক প্রসিকিউটর | সংখ্যা | ৩৫০ | প্রশিক্ষণের জিও | |
| ১.৩.১ | মামলা দায়েরের পূর্বে ও পরে মীমাংসার মাধ্যম নিষ্পত্তি | সংখ্যা | ২০,০০০ | জেলাওয়ারী নিষ্পত্তির পরিসংখ্যান | পরিচালক, জাতীয় আইনগত প্রদান সংস্থা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন প্রদান করতে হবে। |
| ১.৪.১ | ডিজিটাল নেটওয়ার্কভূক্ত আদালত | সংখ্যা | ৩০০ | জেলাওয়ারী ইন্টারনেট সংযোগ প্রদানকৃত আদালতের পরিসংখ্যান | বাজেট অনুবিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন। |
| ১.৫.১ | অবকাঠামো নির্মাণ | সংখ্যা | ৬টি | প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন। | নির্মাণকৃত অবকাঠামোর বিষয়ে প্রজেক্ট স্টিয়ারিং কমিটির আলোচিত সিদ্ধান্ত সংযুক্ত করতে হবে। |
| ১.৬.১ | শিশু আইন বিষয় প্রশিক্ষণ প্রাপ্ত বিচারক/অন্যান্য কর্মকর্তা | সংখ্যা | ৩২৫ | প্রশিক্ষণের জিও | |
| ১.৭.১ | সমসাময়িক বিষয়ে অভ্যন্তরিন প্রশিক্ষণ (এসডিজি/প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন/ক্রয় পরিকল্পনা/বাস্তবায়ন, মূল্যায়ন ও পরিবীক্ষণ/চতুর্থ শিল্প বিপ্লব ইত্যাদি) | সংখ্যা | ৬ | প্রশিক্ষণের জিও, মডিউল | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২.১.১ | সহায়তাপ্রাপ্ত আবদনকারী | সংখ্যা | ১,১০,০০০ | জেলা ভিত্তিক তালিকা | পরিচালক, জাতীয় আইনগত প্রদান সংস্থা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন প্রদান করতে হবে। |
| ২.২.১ | বিভাগ কর্তৃক জেলা পর্যায় প্রদত্ত সেবার মান পরিবীক্ষণের জন্য গৃহীত কর্মসূচীর সংখ্যা | সংখ্যা | ১২ | পরিবীক্ষণ প্রতিবেদন | হটলাইনের মাধ্যমে আইনগত পরামর্শ প্রদান সংক্রান্ত সিস্টেম জেনারেটেড তথ্য |
| ২.৩.১ | প্রকৃত আইনী সহায়তা প্রাপ্ত সুবিধাভাগী | সংখ্যা | ৩০,০০০ | পরিচালক, জাতীয় আইনগত প্রদান সংস্থা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন প্রদান করতে হবে। | |
| ২.৪.১ | আয়োজিত সচেতনতামূলক অনুষ্ঠান | সংখ্যা | ৪০০ | পরিচালক, জাতীয় আইনগত প্রদান সংস্থা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন প্রদান করতে হবে। | |
| ২.৫.১ | প্রশিক্ষিত কর্মকর্তা | সংখ্যা | ৩০০ | প্রশিক্ষণের জিও | |
| ২.৫.২ | প্রশিক্ষিত কর্মচারী | সংখ্যা | ২০০ | প্রশিক্ষণের জিও | |
| ২.৬.১ | প্যানেল আইনজীবীগণের দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত প্রশিক্ষণ | সংখ্যা | ৪০০ | প্রশিক্ষণের জিও | |
| ২.৭.১ | শিশু বিচারপ্রার্থীকে আইনী সহায়তা প্রদান | % | ১০০% | জেলাওয়ারী তালিকা প্রদান করতে হবে। | পরিচালক, জাতীয় আইনগত প্রদান সংস্থা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন প্রদান করতে হবে। |
| ২.৮.১ | নারী আবেদনকারীগণকে আইনী সহায়তা প্রদান | % | ৮০% | জেলাওয়ারী তালিকা প্রদান করতে হবে। | পরিচালক, জাতীয় আইনগত প্রদান সংস্থা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন প্রদান করতে হবে। |
| ৩.১.১. | প্রশিক্ষিত সাব-রজিস্ট্রার | সংখ্যা | ১৬০ | প্রশিক্ষণের জিও | হাজিরা, মডিউল প্রস্তুত রাখতে হবে। |
| ৩.১.২ | প্রশিক্ষিত জেলা রেজিস্ট্রার | সংখ্যা | ৪৫ | প্রশিক্ষণের জিও | হাজিরা, মডিউল প্রস্তুত রাখতে হবে। |
| ৩.১.৩ | প্রশিক্ষিত সহায়ক কর্মচারী | সংখ্যা | ১২৫০ | প্রশিক্ষণের জিও | হাজিরা, মডিউল প্রস্তুত রাখতে হবে। |
| ৩.১.৪ | প্রশিক্ষিত দলিল লিখক | সংখ্যা | ১২৫০ | প্রশিক্ষণের জিও | হাজিরা, মডিউল প্রস্তুত রাখতে হবে। |
| ৩.২.১ | রেজিস্ট্রিকৃত দলিল | সংখ্যা | ৩০ লক্ষ | জেলা ভিত্তিক পরিসংখ্যান | মহা-পরিদর্শক, নিবন্ধন অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন। |
| ৩.৩.১ | হস্তান্তরিত রেজিষ্ট্রি ভবন | সংখ্যা | ১০ | প্রকল্প পরিচালক কর্তৃক প্রদত্ত প্রতিবেদন | নির্মাণকৃত অবকাঠামোর বিষয়ে প্রজেক্ট স্টিয়ারিং কমিটির আলোচিত সিদ্ধান্ত সংযুক্ত করতে হবে। |
| ৩.৪.১ | জেলা রেজিষ্ট্রি অফিস পরিদর্শন | সংখ্যা | ১৫ | পরিদর্শন প্রতিবেদন | |
| ৩.৪.৩ | নিকাহ্ রেজিস্ট্রার কার্যালয় পরিদর্শন | সংখ্যা | ৩০ | পরিদর্শন প্রতিবেদন | |
| ৩.৪.২ | সাব-রেজিষ্ট্রি অফিস পরিদর্শন | সংখ্যা | ২০ | পরিদর্শন | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | প্রতিবেদন | |
| ৩.৪.৩ | নিকাহ্ রেজিস্ট্রার কার্যালয় পরিদর্শন | সংখ্যা | ৩০ | পরিদর্শন প্রতিবেদন | |
| ৩.৪.৪ | সুপারিশ বাস্তবায়নের লক্ষ্যে আয়োজিত সমন্বয় সভা | সংখ্যা | ৪টি | সভার কার্যবিবরণী | |
| ৩.৫.১ | প্রশিক্ষিত নিকাহ্ রেজিস্ট্রার | সংখ্যা | ৫০০ | প্রশিক্ষণের জিও | হাজিরা, মডিউল প্রস্তুত রাখতে হবে। |
| ৪.১.১ | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগর সাংবিধানিক ও আইনগত বিষয় মতামত অনুবিভাগ হত প্রদানকৃত মতামত | % | ৯৫ | অনুবিভাগ প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন | |
| ৪.১.২ | সরকারের পক্ষে ও বিপক্ষে দায়েরকৃত মামলা, আপিল, রিভিউ ও রিভিশন পরিচালনার ক্ষেত্র সলিসিটর অনুবিভাগ হতে প্রদানকৃত মতামত | % | ৯৫ | সলিসিটর কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন | |
| ৪.৩.১ | বিচারপ্রার্থী জনগণের জন্য তথ্য ডেস্ক স্থাপন | % | ২৫ | স্থাপনকৃত তথ্য ডেস্কের জেলা ভিত্তিক বিবরণ | |
| ৪.৩.২ | বিচারপ্রার্থীগণের জন্য দুগ্ধপান কেন্দ্র স্থাপন | সংখ্যা | ৬৪ | জেলা ভিত্তিক বিবরণ | |

এ পর্যায়ে উপস্থিত সদস্য জনাব শেখ হুমায়ুন কবীর, উপ-সচিব (বাজেট) তাঁর বক্তব্যে উল্লেখ করেন, কর্মসম্পাদন সূচক নং-১.৪.১ ডিজিটাল নেটওয়ার্কভূক্ত আদালত এর বিষয়ে বাজেট অনুবিভাগ হতে প্রয়োজনীয় তথ্য প্রদান করার সুযোগ রয়েছে। তাছাড়া, শিশু আইন বিষয়ে প্রয়োজনীয় সংখ্যক বিচারককে প্রশিক্ষণ প্রদান করা হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

নিবন্ধন অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, সাব-রজিস্ট্রার এবং অন্যান্য কর্মচারীদের প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে পরিচালিত হচ্ছে। তিনি নিবন্ধন অধিদপ্তর সংক্রান্ত প্রয়োজনীয় প্রমাণকসমূহ যথাসময়ে প্রেরণ করার বিষয়টি নিশ্চিত করেন।

এ বিষয়ে এপিএ টিম লিডার নিবন্ধন অধিদপ্তরের কর্মকর্তাকে প্রশিক্ষণ সংক্রান্ত অফিস আদেশ, উপস্থিতি সংক্রান্ত হাজিরা এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রমাণক হিসেবে ছবি দাখিল করার জন্য অনুরোধ জানান। তাছাড়া, জনপ্রশাসন নীতিমালা অনুযায়ী বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, সিটিজেন চার্টার, ই-গভন্যান্স এবং চাকরি সংক্রান্ত সকল প্রশিক্ষণ মডিউলে অন্তর্ভূক্তকরণের জন্য অনুরোধ করেন।

সভায় উপস্থিত উপ-সচিব (প্রশাসন-১) ই-নথির মাধ্যম দাপ্তরিক কার্যক্রমে এ বিভাগের কোন অর্জন না থাকায় প্রত্যেক শাখা, অধিশাখা ও অনুবিভাগের দায়িত্বে নিয়োজিত সকল কর্মকর্তাগণকে নিজ নিজ দাপ্তরিক কর্মকান্ডের ছোট ছোট অফিস আদেশসমূহ ই-নথির মাধ্যম নিষ্পত্তি করার জন্য তাগিদ দেন। ইতোমধ্যে ই-নথির মাধ্যমে কিভাবে কার্যক্রম পরিচালিত হয় এ বিষয়ে সকল কর্মকর্তাগণের প্রশিক্ষণ আয়োজন করা হবে মর্মে উপ-সচিব (প্রশাসন-২) সভাকে অবহিত করেন।

ই-নথি বাস্তবায়ন এবং নির্ধারিত সময়ের মধ্য একটি ডিজিটাল সেবা চালু করা ও একটি সেবা সহজীকরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়ে এপিএ টিম লিডার সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার আহবান জানান। নির্ধারিত সময়ের মধ্যে এপিএ সহ কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনে সবাই সক্রিয়ভাবে কাজ করার জন্য তিনি সবাইকে আহবান জানান। অতঃপর সবার সুস্বাস্থ্য কামনা করে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৬/২০২২

(উম্মে কুলসুম)
যুগ্ম-সচিব (মতামত)
ও
টিম লিডার, এপিএ কমিটি
আইন ও বিচার বিভাগ।